গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

স্মারক নং-২৬.১২.০০০০.১০৯.৯৯.০২৮.২৩-৩৯৮ তারিখ: ১৬-০৮-২০২৩

বিষয়: এটুপি এসএমএস প্ল্যাটফর্ম এবং কমন ইন্টারকানেকশন এসএমএস প্ল্যাটফরম বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে বিষয়ে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>চেয়ারপার্সন |
| তারিখ | : | ০৮-০৮-২০২৩ |
| সময় | : | বেলা ৩:০০ মি: |
| স্থান | : | কমিশনের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি আগস্ট মাসকে শোকের মাস হিসেবে উল্লেখ করে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর গত ১০/০৫/২০২৩ তারিখে একই বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

০২। গত সভায় সংশ্লিষ্ট পক্ষগণকে তাদের দাবীর সমর্থনে যথাযথ প্রমাণকসহ যৌক্তিকতা তুলে ধরে অবিলম্বে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে বক্তব্য দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে SISPAB, ইনফোজিলিয়ন এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন যথাক্রমে ২২/০৫/২০২৩, ০৬/০৬/২০২৩ ও ২৬/০৭/২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে নিজ নিজ বক্তব্য দাখিল করেন।

০৩। SISPAB' এর বক্তব্যে উল্লেখ করা হয় যে, Application to person এসএমএস সার্ভিস প্রোভাইডারদের SMS Aggregator বলা হয়। ২০০৭ সাল থেকে কয়েকটি প্রতিষ্ঠান এ সার্ভিস দিয়ে আসছিল। ২০১৭ সালে বিটিআরসি Infozilion Teletalk BD লিমিটেড নামক প্রতিষ্ঠানকে MNP লাইসেন্স প্রদান করে। ইনফোজিলিয়ন টেলিটেক বিডি লিমিটেড একমাত্র MNP অপারেটর হওয়ায় বাজার নিয়ন্ত্রণের ক্ষমতা তাদের হাতে রয়েছে এবং তারা অতিরিক্ত মূল্য নির্ধারণ করে মনোপলি ব্যবসার ক্ষেত্র তৈরি করছে। উক্ত কোম্পানির মাধ্যমে এসএমএস সঞ্চালনের কতিপয় ঝুঁকির বিষয়েও SISPAB তাদের বক্তব্যে উল্লেখ করেছে।

০৪। ইনফোজিলিয়ন তাদের লিখিত বক্তব্যে জানায় যে, A2p SMS Platform Common Interconnection SMS Platform বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে SISPAB কর্তৃক লিগ্যাল নোটিশ প্রেরণ করা হয় যেখানে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে ৩ নং এবং ইনফোজিলিয়ন টেলিটেক বিডি লিমিটেডকে ০৭ নং পক্ষভুক্ত করা হয়। ইনফোজিলিয়ন ২০১৭ সাল থেকে ব্যবসা করে আসছে এবং Mobile Number Portability Service (MNPS) বাস্তবায়নের লক্ষ্যে বিটিআরসি হতে MNPS লাইসেন্স গ্রহণপূর্বক কার্যক্রম পরিচালনা করছে। উক্ত লাইসেন্সের শর্তানুযায়ী ইনফোজিলিয়ন মোবাইল গ্রাহকদের পোর্টিং সুবিধা প্রদান করে আসছে। বিটিআরসি'র নির্দেশনা মোতাবেক ইনফোজিলিয়ন ডিপিং সার্ভিসের পাশাপাশি 'Do Not Disturb' Caller Line Identification এবং কনটেন্ট ভ্যালিডেশন সেবা প্রদান করছে। ইনফোজিলিয়ন কর্তৃক বিবেচ্য লিগ্যাল নোটিশের জবাব ৩০/০৩/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। SISPAB A2p SMS Aggregator দের একটি অনিবন্ধিত বাণিজ্যিক সংগঠন এবং তাদের স্টেকহোল্ডারদের SMS Aggregators ব্যবসা পরিচালনা করে আসছে। MNPS লাইসেন্সের আওতায় ডিপিং সার্ভিসসহ আরো কতিপয় সেবা

সমন্বিত করে সরকার একটি সেন্ট্রাল প্ল্যাটফর্ম তৈরি করেছে। যার মাধ্যমে SMS Aggregators ব্যবসায় শৃংখলা ও স্বচ্ছতা নিশ্চিত হয়েছে। A2p SMS Aggregators দের ব্যবসায়িক কার্যক্রম A2p Enlistment Certificate এর মাধ্যমে নিয়ন্ত্রিত হয় যার সাথে Infozilion এর ব্যবসায়িক কার্যক্রমের কোন সাদৃশ্য নেই। পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণপূর্বক বিটিআরসি কর্তৃক ইনফোজিলিয়নকে MNPS লাইসেন্স প্রদান করা হয়েছে। SISPAB এর ১৫২টি সদস্য রয়েছে। তন্মধ্যে ৭৭ টি সদস্য ইনফোজিলিয়নের সাথে ব্যবসায়িকভাবে চুক্তিবদ্ধ এবং ৯৭ জন কার্যকর এগ্রিগেটর ইনফোজিলিয়নের সেন্ট্রাল প্ল্যাটফর্মের সাথে নির্বিঘ্নভাবে এসএমএস সঞ্চালন করছে। এ প্রেক্ষিতে SISPAB 'র Cause of Action এক্ষেত্রে অনুপস্থিত।

০৫। বিটিআরসি'র বক্তব্যে উল্লেখ করা হয় যে, অভ্যন্তরীণ অফ-নেট এসএমএস সঞ্চালনের জন্য মোবাইল নেটওয়ার্ক অপারেটর, পিএসটিএন, আইপিটিএসপি সকলেই দ্বিপাক্ষিক আন্তঃসংযোগের মাধ্যমে সংযুক্ত। বিদ্যমান আন্তর্জাতিক দূর পাল্লা টেলিযোগাযোগ সেবা নীতিমালা অনুযায়ী অফনেট সেবার জন্য সকল এএনএস অপারেটরদের আইসিএক্স এর মাধ্যমে আন্ত: সংযোগ স্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। বর্তমানে A2p এসএমএস ছাড়াও প্রচুর পরিমাণে A2p এসএমএস সঞ্চালিত হয়। নানাবিধ ডিজিটাল সেবা তথা এসএমএস, এপ্লিকেশন/ একাউন্ট ভেরিফিকেশন, ব্যাংকিং তথ্যসহ বিভিন্ন অপরিহার্য সেবার জন্য A2p এসএমএস একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। A2p এসএমএস এর কন্টেন্ট ভ্যালিডেশন, মাস্কিং আইডি রেজিস্ট্রেশন, DND বাস্তবায়নসহ সঠিক গন্তব্য এসএমএস সঞ্চালনের জন্য MNP প্ল্যাটফর্মের মাধ্যমে পোর্ট কারেকশন নিশ্চিতকরণের নিমিত্ত একটি A2p এসএমএস প্লাটফর্ম স্থাপনের প্রয়োজনীয়তার ভিত্তিতে বিটিআরসি কর্তৃক ০৭.০৪.২০২১ তারিখে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ICS, ANS ও MNPSP অপারেটর কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন আর্কিটেকচার যাচাই-বাছাই করে। মোবাইল অপারেটর ও MNPSP অপারেটরদের সমন্বয়ে প্রস্তুতকৃত A2p এসএমএস বিষয়ক প্রস্তাবনাকে উক্ত কমিটি কর্তৃক বিবেচনা করা হয়। বিটিআরসি'র ২৫৭ তম সভায় A2p এসএমএস প্ল্যাটফর্ম বিষয়ক Topology বাস্তবায়ন বিষয়ক আলোচনা হয় এবং সে মোতাবেক ০৮/১২/২০২১ তারিখে আলোচ্য কমিটি কর্তৃক সকল অপারেটর বরাবর Topology বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি নির্দেশনা জারি করা হয়। ২৮/১২/২০২১ তারিখে SISPAB হতে A2p এসএমএস বিষয়ক দুটি বিকল্প প্রস্তাব বিটিআরসি বরাবর দাখিল করা হয়। SISPAB কর্তৃক দাখিলকৃত প্রস্তাবনাসমূহ বিবেচনার কোন সুযোগ নেই মর্মে বিটিআরসি ০৬/০২/২০২২ তারিখে SISPAB-কে অবহিত করে। এছাড়া, এসএমএস এগ্রিগেটর প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রস্তাবনা অধিকতর যাচাইয়ের লক্ষ্যে ২২/৬/২০২২ তারিখে বিটিআরসি, এমটব ও MNPSP এবং SISPAB সমন্বয়ে একটি কমিটি গঠন করায় যা ১৪/০৮/২০২২ তারিখে বিটিআরসি'র নিকট প্রতিবেদন উপস্থাপন করে। A2p এসএমএস প্ল্যাটফর্ম বাণিজ্যিকভাবে চালুর নিমিত্ত বিটিআরসি, মোবাইল অপারেটর, PTSP, PSTN, MNPSP SISPAB সাথে একাধিকবার সভা হয়। এ সব সভায় এসএমএস এগ্রিগেটর প্রতিষ্ঠানের পক্ষ হতে বিভিন্ন ধরণের নিজস্ব চাহিদা ব্যক্ত করা হয়। এ সংক্রান্ত বিভিন্ন কারিগরি বিষয়ে মোবাইল অপারেটরদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সংশ্লিষ্ট মোবাইল ও MNPSP অপারেটরকে বিটিআরসি হতে কারিগরি নির্দেশনাও প্রদান করা হয়।

এ প্রেক্ষাপটে সকল প্রকার এটুপি এসএমএস সঠিক গন্তব্যে পৌঁছানোর লক্ষ্যে A2p এসএমএস প্ল্যাটফর্ম সংক্রান্ত বিটিআরসি'র কারিগরি নির্দেশনা মোতাবেক ১৬/০৫/২০২৩ তারিখে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার কর্তৃক বাণিজ্যিকভাবে এসএমএস কার্যক্রম শুরু করা হয়। ০১/১০/২০১৮ তারিখে MNPSP হিসেবে ইনফোজিলিয়ন টেলিটেক বিডি লিমিটেড-কে বিটিআরসি হতে MNPSP লাইসেন্স প্রদান করা হয়। উক্ত লাইসেন্সের শর্তানুযায়ী সঠিক গন্তব্য এসএমএস প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ডিপিং সম্পন্নকরত: এসএমএস প্রেরণের বিধান থাকলেও এসএমএস এগ্রিগেটর প্রতিষ্ঠান কর্তৃক উক্ত বিধান অনুসরণ করা হয়নি। অন্যদিকে, A2p এসএমএস এগ্রিগেটরসমূহ মূলতঃ মোবাইল অপারেটরদের রিটেইল সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। এসএমএস এগ্রিগেটরদের কে বিটিআরসি হতে ০৩ বছর মেয়াদি A2p Enlistment Certificate প্রদান করা হয়েছে যার মাধ্যমে তাদের ব্যবসায়িক কার্যক্রম নিয়ন্ত্রিত হয়। উক্ত বিবেচনায় MNPSP লাইসেন্সধারী প্রতিষ্ঠান হিসেবে ইনফোজিলিয়নের ব্যবসায়িক কার্যক্রমের কোন সাদৃশ্য নেই। সরকারের সিদ্ধান্ত মোতাবেক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে A2p এসএমএস সংশ্লিষ্ট

সমস্যা সমাধানের নিমিত্ত সকল অনুশীলনের সাথে সংগতিপূর্ণ A2p এসএমএস প্ল্যাটফর্ম এবং কমন ইন্টারকানেকশন এসএমএস প্ল্যাটফর্ম বিষয়ক Topology বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এ ক্ষেত্রে কোন অসম প্রতিযোগিতার পরিবেশ তৈরি করা হয়নি মর্মে বিটিআরসি'র বিস্তারিত বক্তব্যে ক্যাটাগরিক্যালি তুলে ধরা হয়েছে।

০৬। সভায় আলোচনাকালে উক্ত বক্তব্যসমূহের প্রতি সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিবৃন্দের দৃষ্টি আকর্ষণ করা হলে, SISPAB, ইনফোজিলিয়ন এবং বিটিআরসি'র প্রতিনিধিবৃন্দ তাদের নিজ নিজ বক্তব্যের প্রতি পুনরায় সমর্থন ব্যক্ত করেন এবং সভায় তাদের বক্তব্যের সমর্থনে কারিগরি ব্যাখ্যা ও বিশ্লেষণ উপস্থাপন করেন।

০৭। পর্যালোচনায় দেখা যায় যে, বিটিআরসি কর্তৃক গঠিত কমিটি কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ের আর্কিটেকচার যাচাই-বাছাইপূর্বক MNPS অপারেটরদের সমন্বয়ে প্রস্তুতকৃত A2p এসএমএস বিষয়ক প্রস্তাবনাকে ঐ কমিটির মাধ্যমে বিবেচনা করা হয়, বিটিআরসি'র ২৫৭ জন সভায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনান্তে, ০৮/১২/২০২১ তারিখে Topology বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি নির্দেশনা জারিসহ SISPAB কর্তৃক দাখিলকৃত প্রস্তাবনা বিবেচনার সুযোগ নেই মর্মে SISPAB-কে যথারীতি অবহিত করা হয়, সরকারী সিদ্ধান্ত মোতাবেক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এসএমএস প্ল্যাটফর্ম বিষয়ক Topology বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এক্ষেত্রে কোন অসম প্রতিযোগিতার পরিবেশ তৈরি করা হয়নি মর্মে বিটিআরসি'র প্রতিনিধি ব্যাখ্যাসহ আলোকপাত করেছেন। উক্ত ব্যাখ্যা বিবেচনাপূর্বক বিষয়টি এ পর্যায়ে নথিভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এক্ষেত্রে বিটিআরসি এবং ইনফোজিলিয়ন কর্তৃক বিবেচ্য লিগ্যাল নোটিশের প্যারাভিত্তিক জবাব প্রদান করা হয়ে থাকলে তার একটি অনুলিপি অত্র কমিশনে প্রেরণ করার জন্য সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানানো হয়।

০৮। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে আন্তরিকতা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
চেয়ারপার্সন

স্মারক নং-২৬.১২.০০০০.১০৯.৯৯.০২৮.২৩-

তারিখ: ১৬-০৮-২০২৩

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা;

২। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৩। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন (৫ম-৭ম তলা), মাওলানা ভাসানী রোড, রমনা ঢাকা;

৪। ব্যবস্থাপনা পরিচালক, ইনফোজিলিয়ন টেলিটক বাংলাদেশ লিমিটেড, হোসাফ টাওয়ার (১২ তলা) ৯ মহাখালী সি/ এ ঢাকা-১২১২;

৫। জনাব ফিরোজ মাহমুদ, সভাপতি, এসএমএস এন্ড ইনফরমেশন সার্ভিস প্রোভাইডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, বাড়ি নং-৮২ (তৃতীয় তলা), রোড নং-১০/১, ব্লক-ডি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২;

৬। চেয়ারপার্সন এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (চেয়ারপার্সন মহোদয়ের সদয় অবগতির জন্য);

৭। অফিস কপি।

Rahmkabir
১৬ ০৮ ২৩
(র.হ.ম. আলাওল কবির)
উপপরিচালক (সিনি: সহ: সচিব)
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন